

CityFHEPS এর পুনর্নবীকরণ প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Bengali)

আমাকে কি আমার CityFHEPS পুনর্নবীকরণ করতে হবে?

হ্যাঁ। আপনাকে অবশ্যই আপনার CityFHEPS এর ভর্তুকি পুনরায় নবীকরণ করাতে হবে। ভর্তুকির বছর শেষ হওয়ার পাঁচ মাস আগে আমরা আপনাকে একটি পুনর্নবীকরণের আবেদনপত্র পাঠাবো। যখন আপনি আপনার পুনর্নবীকরণের আবেদনপত্রটি পাবেন, তখন আপনাকে সেটি আমাদের কাছে ফেরত পাঠাতে হবে এবং:

- আপনি এখনও CityFHEPS এর অ্যাপার্টমেন্টে বসবাস করছেন কিনা তা নিশ্চিত করতে হবে
- আপনার পরিবারের আকার নিশ্চিত করতে হবে
- আপডেট করা আয়ের তথ্য জমা দিতে হবে

যদি আপনি পুনর্নবীকরণের আবেদনপত্র এবং অন্যান্য সমর্থিত নথিসমূহ প্রথম চূড়ান্ত সময়সীমার মধ্যে ফেরত না দেন, তাহলে আমরা আপনাকে একটি সতকর্তার বিজ্ঞপ্তি পাঠাবো।

যদি সতকর্তার বিজ্ঞপ্তিতে দেওয়া চূড়ান্ত সময়সীমার মধ্যে আপনি আমাদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সামগ্রী না পাঠান, আমরা ভর্তুকির বছর শেষ হওয়ার 30 দিনের মধ্যে আপনার পুনর্নবীকরণের আবেদনের প্রক্রিয়াকরণ করতে পারব না। আপনি এবং আপনার বাড়ির মালিক চূড়ান্ত পরিসমাপ্তির বিজ্ঞপ্তি পাবেন।

আমি আমার পুনর্নবীকরণের আবেদন দেরিতে ফেরত দিলে কী হবে?

আমাদের আপনার পুনর্নবীকরণের আবেদন দেরিতে দিলে সেক্ষেত্রে কিছুটা নেতিবাচক প্রভাব পড়তে পারে। পুনর্নবীকরণের আবেদন দেরিতে পাঠালে (চূড়ান্ত পরিসমাপ্তির বিজ্ঞপ্তির পরে) পরিশেষে সেটি আপনাকে আমাদের আবাসন আদালতের দারস্থ হওয়ার দিকে চালিত করতে পারে এবং আপনার আবাসন হারানোর ঝুঁকি থাকতে পারে।

তবে, যদি আপনার বিলম্বিত পুনর্নবীকরণের আবেদন ভর্তুকির বছর শেষ হওয়ার পরে এক বছরের মধ্যে আসে, এবং তার থেকে বেশি দেরি হলেও যদি যুক্তিসঙ্গত কারণ থাকে, তাহলে আমরা হয়তো ভর্তুকি পুনর্নবীকরণ করতে অথবা প্রত্যর্পণ করতে সক্ষম হতে পারি।

আমি কিভাবে আমার CityFHEPS পুনর্নবীকরণ জমা দেব?

আপনি নিম্নলিখিত উপায়ে আপনার CityFHEPS এর পুনর্নবীকরণের আবেদন জমা দিতে পারেন:

- নথিপত্র স্ক্যান করে RAPRENEWALS@hra.nyc.gov-তে ইমেল করে পাঠান, **অথবা**
- সেগুলি ফর্মে দেওয়া ঠিকানায় ডাকযোগে পাঠান, **অথবা**
- নথিগুলি এখানে পাঠান: Rental Assistance Program Unit
East 16th Street, 10th Floor 109
New York, NY 10003

(পরের পাতায় যান)

আমার পরিবারের আকারে কোনো পরিবর্তন হলে কী হবে?

যদি আপনার পরিবারের থেকে কেউ চলে যান, তাহলে আপনার পরিবারের জন্য যে সর্বোচ্চ ভাড়ার আপনি যোগ্য তা কমে যেতে পারে। এমন ঘটনা ঘটলে হয়তো আপনাকে কম ভাড়ার কোনও নতুন অ্যাপার্টমেন্টে স্থানান্তরিত হতে হবে।

যদি আপনার পরিবারের আকার বড় হয়ে যায়, এবং আপনার ইউনিটটি অত্যন্ত বেশি ঘিঞ্জি হয়ে পরে, তাহলে আপনি আপনার স্থানীয় গৃহনির্ভর কর্মসূচি (Homebase program) তে গিয়ে যুক্তিসঙ্গত কারণে কোনও বড় ইউনিটে স্থানান্তরের জন্য আবেদন করতে পারেন।

আমার পরিবারের কত আয় হতে হবে?

আপনার পরিবারের মোট আয় এলাকার গড় আয় (Area Median Income, AMI) -এর 80% হতে পারে এবং তা স্বেচ্ছা CityFHEPS-এর পুনর্নবীকরণের জন্য যোগ্য হতে পারে।

আমাকে কি CityFHEPS এর পুনর্নবীকরণ করানোর জন্য নতুন লিজ নিতে হবে?

CityFHEPS কর্মসূচিতে বজায় থাকার জন্য আপনার বাড়িওয়ালার সঙ্গে কোনও পুনর্নবীকরণ করা লিজের প্রয়োজন নেই। যতক্ষণ পর্যন্ত আপনি CityFHEPS-এর যোগ্য থাকছেন এবং ভর্তুকির পুনর্নবীকরণ করাচ্ছেন, ততক্ষণ এই কর্মসূচি বজায় থাকবে।

আমার ভাড়া বৃদ্ধি পেলে কী হবে?

আপনার ভাড়া বেড়ে গেলে, আমরা আপনার ভর্তুকিও বাড়াতে পারি। আপনাকে বেশি ভাড়ার কথা উল্লেখ থাকা নতুন স্বাক্ষরিত লিজটি আমাদের দেখাতে হবে।

আমি কত দিনের জন্য CityFHEPS পেতে পারি?

আপনি মোট পাঁচ বছরের জন্য CityFHEPS গ্রহণ করতে পারেন। এর মধ্যে পুরনো ভাড়া সহায়তার কর্মসূচিগুলির (CITYFEPS, LINC, SEPS অথবা Pathway Home) থেকে যেকোনও সময় আপনি পেয়ে থাকতে পারেন এমন অর্থ অন্তর্ভুক্ত থাকে।

এই পাঁচ-বছরের সময়সীমা সমস্ত পরিবারগুলিতে প্রযোজ্য হয় না। যদি আপনার পরিবারে 60 বছর বা তার বেশি বয়সের কোনও ব্যক্তি থাকেন, অথবা এমন কোনও ব্যক্তি যিনি ফেডারেল প্রতিবন্ধীর ভাতাগুলি গ্রহণ করছেন, সেক্ষেত্রে কোনও সময়সীমা থাকে না। এছাড়াও, নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে, যুক্তিসঙ্গত কারণে আমরা আপনার ভর্তুকি পাঁচ-বছর পরেও সম্প্রসারণ করতে পারি।

যদি আপনি পাঁচ-বছরের সময়সীমার কাছাকাছি পৌঁছে যাবেন, আমরা আপনাকে যুক্তিসঙ্গত কারণে পুনর্নবীকরণ করাতে আবেদন করার জন্য আপনাকে চিঠি পাঠাবো।

পুনর্নবীকরণগুলি সবসময় সঙ্গে সম্পর্কিত পরিবারগুলির যোগ্যতার আবশ্যিক শর্ত পূরণ চলমান এবং উপলব্ধ অর্থের সংস্থান চলছে।